


প্রার্থীদের মুভমেন্ট বিল্ডিং মূল্যায়নের নির্নয়ক

প্রার্থীদের সাথে যুক্ত হওয়ার চুক্তি প্রায়শই হতাশায় পূর্ণ হয়। তাঁরা একটা নির্ধারিত মান, নীতি এবং অবস্থানে থেকে প্রতিশ্রুতি দেয় এবং একবার নির্বাচিত হয়ে গেলে সেসব প্রতিশ্রুতি ভঙ্গ করে। এটা নির্বাচন ভিত্তিক রাজনীতির চরিত্র। কিন্তু এরচেয়েও বড় কথা হল, প্রার্থীদের মূল্যায়নের ঘাটতি। তাঁদের অতীত ইতিহাস বা কাজের আরো গভীরভাবে পর্যবেক্ষণ না করে শুধু কথার উপর ভিত্তি করে অতিমাত্রায় মূল্যায়ন করা। আরেকটি বিষয় হল, আমরা গণমানুষের চাপ দিয়ে তাদের দায়বদ্ধ করি না এবং প্রতিশ্রুতি ভঙ্গের জন্য নির্বাচিতদের অফিসে মুখোমুখি হই না আর আশা করি যে তাঁরা নিজেরাই নিজেদেরকে চালিয়ে নিতে সক্ষম হবে।

একটা গাছের সাথে তুলনা করা যায়। আমরা যদি জানতে চাই, একটা গাছ ঝড়ো হওয়া বা খারাপ পরিস্থিতিতে কতটা টিকে থাকবে তবে গাছের শিকড় দেখতে হবে। শিকড় যত গভীরে, গাছ তত শক্তিশালী। কিন্তু গাছের মূল শিকড় সহজে চোখে পড়ে না। এটাকে খুঁড়ে, পর্যালোচনা করে, অনুসন্ধান করে দেখতে হয়। একই ভাবে, উপস্থাপনযোগ্য করার জন্য প্রার্থীদের পরিচিতি, তাদের কাজ ও ব্যক্তিগত সম্পর্ক, এবং এমনকি তাদের প্ল্যাটফর্ম ও নীতি প্রস্তাব সূক্ষ্মভাবে পর্যবেক্ষণ করা যেতে পারে, যাতে করে ভাসা ভাসা নির্নয়কগুলো উপড়ে ফেলা যায়। প্রার্থীর শিকড়ের গভীরতা জানতে আমাদেরকে তাঁদের অতীত রেকর্ড, আসল রাজনৈতিক চর্চা এবং প্রতিশ্রুতির প্রতি তাদের দায়বদ্ধতা খুঁড়ে বের করতে হবে।



পরিচিতি

- 👉 তাঁরা কোন পরিচয় বহন করে এবং তাঁর অভিজ্ঞতা এবং কর্মপদ্ধতি কিভাবে তৈরী করেছে?
- 👉 তাঁদের পরিবার কি ধরনের কর্ম/ক্লাস থেকে এসেছে?
- 👉 তারা কি ঐ ক্লাসের ধন সম্পদের প্রতিনিধিত্ব দাবী করে তাদের পরিচিতি ব্যবহার করে?

কাজ এবং ব্যক্তিগত সম্পর্ক সমূহ

- 👉 কাদের সাথে তাঁর বন্ধুত্ব এবং কারা ব্যক্তিগত আত্মীয়তার সুবাদে তাঁকে সমর্থন করে?
- 👉 তাদের কাজের ফলে যে সম্পর্কগুলি তারা তৈরী করেছিল সেগুলি কি কি?
- 👉 তাদের প্রত্যাশিত কাজের মানদন্ডের অংশ হিসেবে তারা কি কি সাফল্য দাবী করে?

প্ল্যাটফর্ম এবং নীতিসমূহ

- 👉 তাঁরা কোন প্ল্যাটফর্ম এবং নীতির প্রতিনিধিত্ব করে?
- 👉 তাদের প্ল্যাটফর্মগুলির নূন্যতম এবং সর্বোচ্চ সীমারেখা কি কি?
- 👉 কোন কোন বিষয়গুলোতে তারা মনোযোগ দেয় নেয় না?
- 👉 চলমান সহযোগ আন্দোলনে তাদের প্রস্তাবগুলো কি বিষদভাবে করা, অথবা অস্বচ্ছ, অস্পষ্ট বা সন্দেজনক?

অতীত রেকর্ড

- 👉 তাঁরা এখন তাঁদের প্ল্যাটফর্মগুলো সম্পর্কে যে দাবী করছে তা তাদের রেকর্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ কি?
- 👉 তাঁরা কি তাদের প্ল্যাটফর্ম বিবেচনায় স্ববিরোধী বা যুক্তিযুক্ত ভূমিকা নিয়েছিল?
- 👉 এই অমিলগুলোর সম্পর্কে প্রশ্ন করা হলে সে কি কৌশলে এড়িয়ে যায় বা কিভাবে ব্যাখ্যা করে?

রাজনৈতিক সম্পর্ক

- 👉 কাজের ধরন অনুযায়ী যে সম্পর্ক গুলো তাদের রয়েছে তার বাইরে কি ধরনের সম্পর্ক উন্নয়ন এবং প্রতিস্থাপন করতে আগ্রহী?
- 👉 এই সম্পর্কগুলো র মধ্য কোনগুলো রাজনৈতিক ভাবে সুবিধা দিচ্ছে এবং কোনগুলো রাজনৈতিক প্রতিশ্রুতি নির্দেশ করে ?
- 👉 কিভাবে সেগুলো রাজনৈতিক শক্তি এবং জনগনের মধ্য সম্পর্ক স্থাপন করতে গুরুত্ব বিবেচনা বনাম তাদের নিজস্ব উচ্চাকাঙ্খাকে বাস্তবায়নের জন্য কাজ করে?

রাজনৈতিক অনুশীলন

- 👉 কিভাবে তারা তাদের ঘোষিত রাজনীতির প্রকৃত অনুশীলন করে?
- 👉 তারা কতটুকু উচ্চাকাঙ্খা বনাম নীতির নির্দেশনা মানে?
- 👉 নীতির ক্ষেত্রে তারা কতটুকু ভুল অনুমোদন বা নগদ প্রাপ্যতাকে নিতে ইচ্ছুক , এবং কিভাবে তারা নিজের কাছে জবাবদিহি করে? কিভাবে তারা দ্বন্দ্ব নিরসন করে বা জবাবদিহি করে?
- 👉 তারা শ্রমিক, সহকর্মীকে কিভাবে মূল্যায়ন করেন , বিশেষ ভাবে তুলনা করার সময়ে?
- 👉 তারা কি শুধুমাত্র যে এলাকায় থাকে সেই এলাকার লোকজনদের সাথে সাক্ষাৎ করে?
- 👉 অথবা প্রয়োজনের সময় শুধুমাত্র বড় বড় কথা বলে কিন্তু কাজ করেনা ?
- 👉 অথবা এলাকার সমস্যা সমাধানের উপায় খুঁজে বের করার চেষ্টা করে এবং প্রয়োজনে লোকের কাছে থাকে ? (তারা কি তাদের নির্বাচিত প্রতিনিধিকে সংগঠিত করতে পারে?)

সম্মিলিত জবাবদিহিতা

- 👉 সিদ্ধান্ত গ্রহন এবং সম্মিলিত জবাবদিহিতার ক্ষেত্রে তাদের কি ধরনের চর্চা আছে?
- 👉 তারা কি এখন অথবা পরে নিজের মতের অমিল সত্ত্বেও সম্মিলিত সিদ্ধান্ত অথবা দাবীর ক্ষেত্রে জবাব দিহিমূলক আচরণ করে বা করবে?
- 👉 তারা কি রাজনৈতিক সম্পর্ক রাজনৈতিক চর্চা কে একই সূত্রে প্রাতিষ্ঠানিক কো- গভর্নন্স এ রূপান্তরিত করতে ইচ্ছুক? অথবা এটি শুধুমাত্র লোক দেখানো দাবী ?

পরিচিতি

কাজ এবং ব্যক্তিগত সম্পর্ক সমূহ

প্ল্যাটফর্ম এবং নীতিসমূহ

অতীত রেকর্ড

রাজনৈতিক সম্পর্ক

রাজনৈতিক অনুশীলন

সম্মিলিত জবাবদিহিতা



72-18 Roosevelt Avenue, Jackson Heights, NY 11372



DrumBeatsNYC.org



@DRUMBeatsNYC



@DRUMBeatsNYC